

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১২২.২০১৩-১৭৯

তারিখঃ ১৭.১২.২০১৪ খ্রি:াব্দ

বিষয়ঃ ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শুংখলা ও আঙ্গীল) বিধিমালা'র ৭(৬) বিধি মোতাবেক দ্বিতীয় কারণ-দর্শনো নোটিশ

যেহেতু, আপনি ডাঃ মোঃ নাফিসুর রহমান (১০১৪৫৫৩), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কাউখালী, পিরোজপুর গও ০৮.০৬.২০১২ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন, আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আঙ্গীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদ'চরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে এ মন্ত্রণালয়ের ২৯.০৯.২০১৪ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.১২২.২০১৩-৮২৫নং স্মারক মূলে ১ম কারণ-দর্শনো নোটিশ জারি করা হয়;

যেহেতু, আপনি উক্ত কারণ-দর্শনো নোটিশের জবাব প্রদান করেননি;

যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;


যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে আপনাকে উল্লিখিত অভিযোগে দোষী সাব্যস্ত করে 'চাকুরি হতে বরখাস্ত' (Dismissal from Service) করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে;

এক্ষণে, সেহেতু, কেন আপনাকে উক্ত বিধিমালা'র ৪(৩)(ডি) বিধি মোতাবেক সরকারি 'চাকুরি হতে বরখাস্ত' (Dismissal from Service) করা হবে না, তীর কারণ এ বিধিমালা'র ৭(৬) বিধি মোতাবেক নোটিশ প্রাপ্তির ০৭(সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে জানাতে নির্দেশ প্রদান করা হল।

তদন্ত প্রতিবেদনের অনুলিপি আপনার অবগতির জন্য এই সাথে প্রেরণ করা হল।

সংযুক্তিঃ পাতা


(এ. এম. বদরুদ্দোজা)
অতিরিক্ত সচিব

ডাঃ মোঃ নাফিসুর রহমান (১০১৪৫৫৩)
মেডিকেল অফিসার
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স
কাউখালী, পিরোজপুর
(স্থায়ী ঠিকানাঃ- গ্রাম-দক্ষিণ শিমুলিয়া, ডাকঘরঃ-মেঘলা, থানা-দোহার, জেলা-ঢাকা)
(যোগাযোগঃ- রোড-০৭, বাড়ী-২৪, সেক্টরঃ-৭, উত্তরা, ঢাকা)

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.১২২.২০১৩-১৭৯(১৮)

তারিখঃ ১৭.১২.২০১৪ খ্রি:াব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হল)
- ৩। সিভিল সার্জন, পিরোজপুর মেডিকেল কলেজ, কলকাজার (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ঠিকানায় জারিপূর্বক জারির প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হল)
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)


(শেঃ আনোয়ার হোসেন)

সহকারী সচিব

ফোনঃ ৯৫৪৬৬৫৫

sasdisc1@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শুংখলা-১ শাখা

www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১১২.২০১৪-

১৮)

আদেশ


তারিখঃ ২২ ১২.২০১৪ খ্রিস্টাব্দ

যেহেতু, ডাঃ মোহাম্মদ রাশেদুল আলম (১২২৮৪৮), মেডিকেল অফিসার, বেতাগী ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্র, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম গত ২০.০৭.২০১২ তারিখ হতে ১৬.০৫.২০১৪ তারিখ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির' দায়ে ০২.১১.২০১৪ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.১১২.২০১৪-৮৪৫নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ১৭.১২.২০১৪ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীর সময় তিনি জানান যে, গত ২০.০৬.২০১২ইং হতে ১৯.০৭.২০১২ইং তারিখ বহিঃ বাংলাদেশ ছুটি নিয়ে তিনি জাম্বিয়ার রাজধানী লুসাকায় গমন করেন এবং ছুটি শেষে যথাসময়ে দেশে ফিরে আসেন। গত ২০.০৭.২০১২ইং তারিখে তার কর্মস্থলে যোগদান করার নিয়ম ছিল। কিন্তু হঠাৎ ঐদিন তার কাশির সাথে রক্ত বের হওয়ার কারণে তিনি অসুস্থ হয়ে পড়েন। শারীরিক অসুস্থতার কারণে তিনি চলাফেরা করতে পারেননি এবং এ কারণে গত ২০.০৭.২০১২ইং তারিখ হতে ১৬.০৫.২০১৪ইং পর্যন্ত চিকিৎসাধীন ছিলেন। চিকিৎসা গ্রহণ শেষে শারীরিকভাবে সুস্থ হয়ে গত ১৭.০৫.২০১৪ইং তারিখ কর্মস্থলে যোগদান করেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোহাম্মদ রাশেদুল আলম (১২২৮৪৮), মেডিকেল অফিসার, বেতাগী ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্র, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনাপূর্বক সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি মোতাবেক তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি আদেশ জারির তারিখ হতে পরবর্তী ০২(দুই) বছরের জন্য স্থগিত করে বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল। এই স্থগিতকৃত বেতন-ভাতা তিনি পরবর্তীতে বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না।


(এ. এম. বদরুদ্দোজা)
অতিরিক্ত সচিব

উপ-পরিচালক

বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস

তেজগাঁও, ঢাকা


নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১১২.২০১৪-

১৮২১১২)

তারিখঃ ২২ ১২.২০১৪ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৩। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
- ৫। উপ-পরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৭। সিনিয়র সহকারী সচিব (পার-৫), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৮। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৯। ডাঃ মোহাম্মদ রাশেদুল আলম (১২২৮৪৮), মেডিকেল অফিসার, বেতাগী ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্র, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম


(মোঃ আনোয়ার হোসেন)
সহকারী সচিব

ফোনঃ ৯৫৪৬৬৫৫

sasdisc1@mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৩০.২০১৪- ৫৮৪

তারিখঃ ২২.১২.২০১৪ খ্রিঃ

বিষয়ঃ ডাঃ শারমিন নাহার (১১০০৫২), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (মেডিকেল অফিসার), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিভাগীয় মামলা।


অভিযোগনামা

যেহেতু, আপনি ডাঃ শারমিন নাহার (১১০০৫২), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (মেডিকেল অফিসার), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা গত ০১.০৩.২০১৪ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, আপনার উপরিলিখিত কার্যকলাপ শুংখলা পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' হিসেবে গণ্য;

এক্ষণে সেহেতু, আপনাকে ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত কোন দন্ড প্রদান করা হবে না-এ নোটিশ প্রাপ্তির ১০(দশ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট এ বিষয়ে কারণ দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হল।


(এ. এম. বদরুদ্দোজা)
অতিরিক্ত সচিব

ডাঃ শারমিন নাহার (১১০০৫২)

বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (মেডিকেল অফিসার)

স্বাস্থ্য অধিদপ্তর

মহাখালী, ঢাকা


(যোগাযোগ ও স্থায়ী ঠিকানাঃ- হাউজ-৫, রোড-৫, বিল্ডিং-এফ, বনশ্রী, পূর্ব রামপুরা, ঢাকা-১২১৯)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৩০.২০১৪- ৫৮৪(১৫)

তারিখঃ ২২.১২.২০১৪ খ্রিঃ

বিতরণঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এমআইএস ডাটাশীটে সংরক্ষণ করার জন্য)
- ৩। উপ-পরিচালক (শুংখলা) (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় জারিপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)
- ৪। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (নোটিশ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)


(মোঃ আনোয়ার হোসেন)


সহকারী সচিব

ফোনঃ ৯৫৪৬৬৫৫

sasdisc1@mohfw.gov.bd

অভিযোগ বিবরণী

ডাঃ শারমিন নাহার (১১০০৫২), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (মেডিকেল অফিসার), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা গত ০১.০৩.২০১৪ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। তাঁর উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' হিসেবে গণ্য। তিনি তাঁর উপর্যুক্ত আচরণ দ্বারা ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে অভিযুক্ত হয়েছেন।



(এ. এম. বদরুদ্দোজা)
অতিরিক্ত সচিব